

তারিখ 27 JUL 1963  
 পৃষ্ঠা 1 কলাম 2

দৈনিক ইনকিলাব



**সম্বর্ধনায় ধর্মমন্ত্রী  
 ইমামদের ২শ'  
 টাকা সম্মানী ভাতা  
 দেয়ার আশ্বাস**

॥ স্টাফ রিপোর্টার ॥  
 মন্ত্রী আলহাজ্ব মাওলানা এম এ মান্নান ইমামদের জন্যে প্রেসিডেন্ট ঘোষিত ২০০ টাকা সম্মানী ভাতা প্রদানের আশ্বাস দিয়েছেন। গতকাল সকালে ইসলামী ফাউন্ডেশন মিলনায়তনে ধর্মমন্ত্রীর সম্মানে জাতীয় ইমাম সমিতি কর্তৃক প্রদত্ত এক সম্বর্ধনায় তিনি এ আশ্বাস দেন।  
 শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

**ধর্মমন্ত্রী**

প্রথম পৃষ্ঠার পর

সম্বর্ধনা সভায় বক্তৃতাকালে ধর্মমন্ত্রী আলহাজ্ব মাওলানা এম এ মান্নান বলেন, দাবি ছাড়া কখনও কোন পাওনা আদায় হয় না। আদর্শের আন্দোলনের মাধ্যমে একনিষ্ঠ মনোভাব নিয়ে শৃঙ্খলার সঙ্গে এগিয়ে গেলে ন্যায্য দাবি আদায় সম্ভব। স্থায়ী ইমাম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের দাবির প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, শুধু টাকায় নয় দেশের অন্যান্য স্থানেও স্থায়ী ইমাম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থা নেয়া হবে।

উক্ত সম্বর্ধনা সভায় বক্তৃতাকালে ধর্ম মন্ত্রণালয়ের সচিব আলহাজ্ব এম এ রাশিদ বলেন, টাকায় একটি স্থায়ী ইমাম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্যে একটি কমিটি গঠন করা হয়েছে। এ বছরই এর কাজ শুরু হবে বলে তিনি আশ্বাস দেন। তিনি বলেন, ইমামদের ২০০ টাকার সম্মানী ভাতার জন্যে সর্বমোট ৩ কোটি ৬০ লাখ টাকা ব্যয় হবে। শিক্ষা মন্ত্রণালয় এ ব্যয়ভার বহন করবে বলে তিনি জানান। তিনি বলেন, তৃতীয় পাঁচসালী পরিকল্পনায় ইমাম প্রশিক্ষণ খাতে ৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

সম্বর্ধনা সভায় বক্তৃতাকালে জাতীয় ইমাম সমিতির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জনাব আবুল খায়ের মোহাম্মদ আবদুল্লাহ সারা দেশের ২ লাখ ইমামের বিভিন্ন অসুবিধা দূর করার জন্যে একটি চাকরি বিধি প্রণয়ন করার জন্যে সরকারের প্রতি আহ্বান জানান। বক্তৃতাকালে তিনি বলেন, নিরক্ষরতা দূরীকরণের নামে সরকার লাখ লাখ টাকা ব্যয় করছেন। কিন্তু তাতে কোন ফলোদয় হচ্ছে না। এ প্রসঙ্গে তিনি এ দায়িত্বটি ইমামদের হাতে ছেড়ে দেয়ার জন্যে সরকারের প্রতি আহ্বান জানান।